

PAVE

Newsletter

Peace Ambassadors' Response to COVID-19 Outbreak

হাওরে ধান কাটার সময় কৃষকদের পাশে দাঁড়ালেন সর্বদলীয় সম্প্রীতির উদ্যোগ সুনামগঞ্জ জেলা শাখার প্রধান উপদেষ্টা নুরুল হক আফিন্দ। - *কুদরত পাশা, সুনামগঞ্জ।*

সাচনাবাজার ইউনিয়ন পরিষদের সচিব, ইউপি সদস্যবৃন্দ, শিক্ষক মন্ডলী, ছাত্র সমাজ ও যুবকদের নিয়ে চনুয়ার হাওরের ধানকাটা শুরু করেছেন সর্বদলীয় সম্প্রীতির উদ্যোগ সুনামগঞ্জ জেলা শাখার প্রধান উপদেষ্টা, জামালগঞ্জ উপজেলা বিএনপির সভাপতি ও উক্ত ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান নুরুল হক আফিন্দ। ২২ এপ্রিল বুধবার তিনি উল্লেখিত দল নিয়ে হাওরে নামেন।



এসময় কৃষকরা তাদের স্বাগত জানান এবং কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। ধান কাটার এক পর্যায়ে জনাব আফিন্দ বলেন, আমরা হাওরের সকল ধান কাটেতে পারবো না এটা সত্য। তবে এবার হাওরে ধানকাটা শ্রমিকের অভাব। আমাদের এলাকার শিক্ষিত সমাজ কৃষি কাজে অগ্রহী, আমরা চেষ্টা করছি ছাত্র এবং যুবকদের এ কাজে উৎসাহিত

করতে। আমি আশা করি আমরা সবাই মিলে কৃষকের পাশে দাঁড়ালে এ সংকট কাটিয়ে উঠা সম্ভব।

উখিয়ার নিম্ন-আয়ের মানুষদের মধ্যে ইফতার সামগ্রী বিতরণ করলেন পিএফজি সদস্য সুলতান মাহমুদ চৌধুরী। - *মুহাম্মদ আব্দুর রব খাঁন, কক্সবাজার।*



করোনা ভাইরাসের এই মহাদুর্যোগকালে পবিত্র রমজান মাস উপলক্ষে উখিয়ার কর্মহীন নিম্ন আয়ের মানুষদের মাঝে ভালবাসার উপহার স্বরূপ ইফতার সামগ্রী বিতরণ করছেন সম্মানিত পিএফজি সদস্য, উখিয়া উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক ও সাবেক উপজেলা ভাইস চেয়ারম্যান জনাব সুলতান মাহমুদ চৌধুরী। তাঁর ভাষ্যমতে, পবিত্র রমযান মাসে তিন হাজারেরও বেশি পরিবারকে এর আওতায় সাহায্য প্রদান করা হবে এবং উখিয়া উপজেলা বিএনপির পক্ষ থেকে সাধারণ মানুষের কল্যাণে এ ধরণের কার্যক্রম চলমান থাকবে।

দুস্থদের মাঝে খাদ্য সামগ্রী বিতরণ করলেন বিশ্বনাথ উপজেলার পিএফজি সদস্য মো. নিজাম উদ্দিন ও তারিকুল ইসলাম। - *হাফিজুর রহমান নোমান, সিলেট।*

সংকটকালীন সময়ে দেশের অন্যান্য অঞ্চলের মত অসহায় মানুষদের মধ্যে উপহার হিসেবে খাদ্য সামগ্রী বিতরণ করলেন সম্মানিত পিএফজি সদস্য ও বিশ্বনাথ উপজেলা গণ ফোরামের আহবায়ক জনাব নিজাম উদ্দিন এবং সদস্য সচিব



জনাব তারিকুল ইসলাম। এসময়ে খাদ্য সহায়তার অংশ হিসেবে তারা উক্ত উপজেলার সদর ও ৬টি ইউনিয়নের ৪৪০টি অসহায় পরিবারের মধ্যে চাল, ডাল, আলু, তেল, লবণ, চিনি, পেয়াজ, সাবান ইত্যাদি সামগ্রী বিতরণ করেন এবং করোনা ভাইরাস সম্পর্কে সচেতনতা সৃষ্টির উদ্দেশ্যে এলাকাবাসীর মধ্যে লিফলেট বিতরণ করেন। উক্ত অনুষ্ঠানে সিলেট-২ আসনের মাননীয় সংসদ সদস্য জনাব মোকাম্বির হোসেন প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এবং তিনি বিশ্বনাথের গণফোরামের নেতৃবৃন্দ ও বিত্তবানদেরকে অসহায় মানুষের সহায়তায় এগিয়ে আসার জন্য উদাত্ত আহবান জানান। উল্লেখ্য স্থানীয় পুলিশ প্রশাসন ও গণফোরামের নেতৃবৃন্দ উক্ত কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নে সার্বিক সহযোগিতা করেন।